# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১১/২০১৮-১৯**

**ঢাকা, রোববার, ১৫ জুলাই ২০১৮, ৩১ আষাঢ় ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বর্তমান সরকার ক্ষমতায় থাকলে সব গ্রাম শহরের মতো হবে : পাবনায় আয়োজিত জনসভায় প্রধানমন্ত্রী

২। রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র সম্পূর্ণ নিরাপদ
দ্বিতীয় ইউনিটের নির্মাণকাজ উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

৩। প্রধানমন্ত্রীর সঙ্গে রুশ উপপ্রধানমন্ত্রীর সাক্ষাৎ

৪। প্রধানমন্ত্রীর সঙ্গে ভারতের স্বরাষ্ট্রমন্ত্রীর সাক্ষাৎ
সমস্যা সমাধানে আঞ্চলিক সংলাপের ওপর গুরুত্বারোপ

৫। সারদা পুলিশ একাডেমিতে বাংলাদেশ-ভারত মৈত্রী ভবন উদ্বোধন
সন্ত্রাস দমনে জিরো টলারেন্স নীতির জন্য শেখ হাসিনা বিশ্বব্যাপী প্রশংসিত : ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী

৬। রাজধানীর যমুনা ফিউচার পার্কে ভারতীয় ভিসাকেন্দ্রের উদ্বোধন করলেন দু'দেশের স্বরাষ্ট্রমন্ত্রী

৭। হেলথ কেয়ারে ভারত, পাকিস্তান, নেপাল, ভুটান, মালদ্বীপের চেয়ে এগিয়ে আছে বাংলাদেশ
জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন কর্মসূচির উদ্বোধনকালে স্বাস্থ্যমন্ত্রী

৮। যেসব বিশ্ববিদ্যালয় নিজস্ব ক্যাম্পাসে যায়নি, তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে
আইআইইউসি'র সমাবর্তনে শিক্ষামন্ত্রী

৯। টি-২০ বিশ্বকাপের বাছাইপর্বে বাংলাদেশ নারী ক্রিকেটদল অপরাজিত চ্যাম্পিয়ন

চলমান পাতা-২

১। **বর্তমান সরকার ক্ষমতায় থাকলে সব গ্রাম শহরের মতো হবে : পাবনায় আয়োজিত জনসভায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের উন্নয়নের চাকা গতিশীল রাখতে আগামী জাতীয় নির্বাচনেও তাঁর দলকে ভোট দিতে দেশবাসীর প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, চলতি বছরের ডিসেম্বরে নির্বাচন হবে। আপনাদের ভোটের মাধ্যমে আওয়ামী লীগ যদি সরকারে আসতে পারে, দেশের প্রত্যেক গ্রামের প্রতিটা জনগোষ্ঠী শহরের মতো সুবিধা পাবে এবং সুন্দরভাবে বাঁচবে। প্রতিটি গ্রামকে শহরে উন্নীত করা হবে। গতকাল (১৪ জুলাই শনিবার) পাবনা জেলা শহরে পুলিশ লাইন্স মাঠে স্থানীয় আওয়ামী লীগ আয়োজিত এক জনসভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক (পৃ.১,ক.৬)**, **সমকাল** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

২। **রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র সম্পূর্ণ নিরাপদ**
**দ্বিতীয় ইউনিটের নির্মাণকাজ উদ্বোধনকালে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র (এনপিপি) এমনভাবে নির্মাণ করা হচ্ছে যাতে এখানে প্রাকৃতিক বা মানবসৃষ্ট কোনো দুর্ঘটনা ঘটতে না পারে। জনগণের জন্য কোনো ঝুঁকি যাতে সৃষ্টি না হয়, সে বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করা হয়েছে উল্লেখ করে তিনি বলেন, রাশিয়া এ প্ল্যান্টের বর্জ্য নিতে রাজি হয়েছে এবং এ বিষয়ে দুই দেশের মধ্যে একটি চুক্তিও স্বাক্ষর হয়েছে। প্রধানমন্ত্রী বলেন, 'আমরা নিরাপত্তার দিকটায় বিশেষভাবে গুরুত্ব দিয়েছি। যেকোনো দুর্যোগে আমাদের এ পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র যাতে ক্ষতিগ্রস্ত না হয়, সে দিকটি বিবেচনায় নিয়েই এ প্ল্যান্টের ডিজাইন করা হয়েছে'। গতকাল (১৪ জুলাই শনিবার) পাবনার ঈশ্বরদীতে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের 'রিঅ্যাক্টর বিল্ডিং (উৎপাদনকেন্দ্র)' নির্মাণকাজের দ্বিতীয় পর্যায়ের ঢালাইয়ের কাজ উদ্বোধনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৩। **প্রধানমন্ত্রীর সঙ্গে রুশ উপপ্রধানমন্ত্রীর সাক্ষাৎ**

বাংলাদেশ সফররত রুশ উপ-প্রধানমন্ত্রী ইউরি ইভানোভিচ বরিসভ গতকাল (১৪ জুলাই শনিবার) রূপপুরের পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। দু'নেতা রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের দ্বিতীয় ইউনিটের প্রথম কংক্রিট ঢালাইকাজের উদ্বোধন উপলক্ষে রূপপুরে যান। বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণে অব্যাহত সহযোগিতার জন্য রুশ সরকারকে ধন্যবাদ জানান। দু'দেশের মধ্যে চমৎকার আন্তরিকতাপূর্ণ সম্পর্ক বলবৎ থাকায় এ সময় উভয় নেতা সন্তোষ প্রকাশ করেন। প্রধানমন্ত্রী এ সময় বিশ্বকাপ ফুটবলের চমৎকার আয়োজনের জন্যও রাশিয়ান ফেডারেশনকে ধন্যবাদ জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **অবজারভার** (শেষ পৃ.,ক.৬)।

৪। **প্রধানমন্ত্রীর সঙ্গে ভারতের স্বরাষ্ট্রমন্ত্রীর সাক্ষাৎ**
**সমস্যা সমাধানে আঞ্চলিক সংলাপের ওপর গুরুত্বারোপ**

উন্নয়নের ধারা অব্যাহত রাখতে প্রতিবেশী দেশগুলোর সঙ্গে যেকোনো সমস্যার সমাধান সংলাপের মাধ্যমেই করা হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (১৪ জুলাই শনিবার) গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিং সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী এ মন্তব্য করেন। আলোচনায় ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী সন্ত্রাসবাদের মতো সমস্যা সমাধানে আঞ্চলিক সংলাপের ওপর জোর দিয়ে বলেন, সকলে ঐক্যবদ্ধ থাকলে এ সামাজিক ব্যাধিকে মোকাবিলা করা সম্ভব। বাংলাদেশ ও ভারতের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক এখন সর্বোচ্চ পর্যায়ে রয়েছে উল্লেখ করে বাংলাদেশের সঙ্গে ভারতের সীমান্ত সমস্যা সমাধানের কিছু বিষয়ও তুলে ধরেন রাজনাথ সিং। শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের ৭ দশমিক ৭৮ শতাংশ জিডিপি প্রবৃদ্ধি অর্জনের বিষয়টি

তুলে ধরে রাজনাথ সিং বলেন, সম্ভবত এটা বিশ্বে এখন সর্বোচ্চ প্রবৃদ্ধি। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**৫। সারদা পুলিশ একাডেমিতে বাংলাদেশ-ভারত মৈত্রী ভবন উদ্বোধন**
**সন্ত্রাস দমনে জিরো টলারেন্স নীতির জন্য শেখ হাসিনা বিশ্বব্যাপী প্রশংসিত : ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী**

ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিং বলেছেন, জঙ্গি ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে চলমান যুদ্ধে ভারত বাংলাদেশের পাশে রয়েছে। তিনি বলেন, সন্ত্রাস ও জঙ্গিবাদ দমনে বাংলাদেশ সরকার শক্ত অবস্থানে রয়েছে। জঙ্গি ও সন্ত্রাসবাদ দমনে জিরো টলারেন্স নীতি গ্রহণ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বব্যাপী প্রশংসিত হয়েছেন। গতকাল (১৪ জুলাই শনিবার) রাজশাহীর চারঘাটে সারদা পুলিশ একাডেমিতে স্থাপিত বাংলাদেশ-ভারত মৈত্রী ভবন এবং আইটি সেন্টার উদ্বোধনকালে রাজনাথ সিং এসব কথা বলেন। এর আগে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল রাজনাথ সিংকে সঙ্গে নিয়ে একাডেমি প্রাঙ্গণে নতুন এ ভবন উদ্বোধন করেন। মৈত্রী ভবন উদ্বোধনের পর দুই দেশের পুলিশের মধ্যে দ্বিপক্ষীয় সহযোগিতাবিষয়ক একটি সমঝোতা স্মারক স্বাক্ষর হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬)।

**৬। রাজধানীর যমুনা ফিউচার পার্কে ভারতীয় ভিসাকেন্দ্রের উদ্বোধন করলেন দু'দেশের স্বরাষ্ট্রমন্ত্রী**

রাজধানীর যমুনা ফিউচার পার্কে চালু হয়েছে নতুন ভারতীয় ভিসা আবেদনকেন্দ্র। গতকাল (১৪ জুলাই শনিবার) বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল এবং ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিং যৌথভাবে এ কেন্দ্র উদ্বোধন করেন। ঢাকায় এটিই হবে ভারতের ভিসা আবেদনের একমাত্র কেন্দ্র। মতিঝিল, উত্তরা, গুলশান ও মিরপুর রোডের আবেদনকেন্দ্র পর্যায়ক্রমে যমুনা ফিউচার পার্কে স্থানান্তর করা হবে। গতকাল (১৪ জুলাই শনিবার) নতুন ও সমন্বিত ভিসা আবেদনকেন্দ্রের উদ্বোধন আয়োজনে ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলাসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**৭। হেলথ কেয়ারে ভারত, পাকিস্তান, নেপাল, ভুটান, মালদ্বীপের চেয়ে এগিয়ে আছে বাংলাদেশ**
**জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন কর্মসূচির উদ্বোধনকালে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম গতকাল (১৪ জুলাই শনিবার) ২৫০ শয্যাবিশিষ্ট পাবনা জেনারেল হাসপাতালে কয়েকটি শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানোর মাধ্যমে জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন কর্মসূচির উদ্বোধন করেন। উদ্বোধন অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুদূরপ্রসারী পরিকল্পনার কারণে দেশে স্বাস্থ্যখাতে অবকাঠামোগত উন্নয়নসহ স্বাস্থ্যসেবার ক্ষেত্রে অভূতপূর্ব সাফল্য অর্জিত হয়েছে। তিনি আরো জানান, হেলথ কেয়ারে ভারত, পাকিস্তান, নেপাল, ভুটান, মালদ্বীপের চেয়ে এগিয়ে আছে বাংলাদেশ। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.১৯,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

**৮। যেসব বিশ্ববিদ্যালয় নিজস্ব ক্যাম্পাসে যায়নি, তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে**
**আইআইইউসি'র সমাবর্তনে শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, যেসব বিশ্ববিদ্যালয় এখনও নিজস্ব ক্যাম্পাসে যায়নি, তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (১৪ জুলাই শনিবার) আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) চতুর্থ সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে তিনি এ কথা বলেন। রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের প্রতিনিধি হিসেবে সমাবর্তনে গ্র্যাজুয়েটদের ডিগ্রি প্রদান করেন তিনি। এ সময় মুনাফা ও ব্যবসার চিন্তা ত্যাগ করে সেবার মনোভাব নিয়ে শিক্ষার জন্য সবাইকে অবদান রাখতে আহ্বান জানান তিনি। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮)।

৯। **টি-২০ বিশ্বকাপের বাছাইপর্বে বাংলাদেশ নারী ক্রিকেটদল অপরাজিত চ্যাম্পিয়ন**

টি-২০ বিশ্বকাপের বাছাইপর্বে চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ নারী ক্রিকেটদল। গতকাল (১৪ জুলাই শনিবার) নেদারল্যান্ডে অনুষ্ঠিত বাছাইপর্বের ফাইনালে আয়ারল্যান্ড নারী ক্রিকেটদলকে ২৫ রানে হারিয়ে চ্যাম্পিয়ন হয় বাংলাদেশ। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **প্রথম আলো**(পৃ.১,ক.৩), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২), **নিউ এজ** (পৃ.১,ক.৩)।

**সম্পাদকীয়**

ক. **যুগান্তর :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক পাবনার রূপপুরে পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের পরমাণু চুল্লির দ্বিতীয় ইউনিট উদ্বোধন করার কথা উল্লেখ করে এটি শিল্পকারখানাসহ সবক্ষেত্রে বিদ্যুৎ সংকট মোকাবিলায় ভূমিকা রাখবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **প্রথম আলো :** পাবনায় শিশুর প্রতি সহিংসতা, বাল্যবিবাহসহ নানা সামাজিক সমস্যা প্রতিরোধ করতে ‘জনসুরক্ষা-হেল্পলাইন’ চালুর বিষয়টি একটি প্রশংসনীয় উদ্যোগ উল্লেখ করে এ উদ্যোগ দেশের অন্যান্য জেলায় অনুসরণের আহ্বান।

গ. **সংবাদ :** নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার দাউদপুর ইউনিয়নের পাঁচটি গ্রামে কৃষিজমি ও জলাশয় ভরাট করে অবৈধভাবে ৪০টি ইটভাটা গড়ে তোলায় জনস্বাস্থ্যের জন্য তা হুমকি হিসেবে দেখা দিয়েছে উল্লেখ করে ফসলিজমি ও জলাশয় থেকে দেশের সব ইটভাটা অন্যত্র সরানোর ওপর গুরুত্বারোপ।

ঘ. **যায়যায়দিন :** রাজধানীর কাঁচা বাজারগুলোতে কাঁচামরিচ ও পেঁয়াজের দাম অস্বাভাবিকহারে বাড়ায় উদ্বেগ প্রকাশ করে বাজার নিয়ন্ত্রণে দ্রুত পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **বণিকবার্তা :** চট্টগ্রামে বাস্তবায়িত সামাজিক বনায়নের ফলে উপকারভোগীদের জেলাটির উত্তর, দক্ষিণ ও উপকূলীয় বনবিভাগ প্রায় ২১ কোটি টাকা লভ্যাংশ দিয়েছে উল্লেখ করে দেশের বনবিভাগ কর্তৃক গৃহীত এ সামাজিক বনায়ন সারাদেশে বিস্তৃত করার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে :** বুড়িগঙ্গা নদীকে তার পুরনো অবস্থানে ফিরিয়ে আনতে নদীতে শিল্পবর্জ্য, আবর্জনা ও স্যুয়ারেজ ময়লা ফেলা সম্পূর্ণ বন্ধ করাসহ বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধার প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়নের আহ্বান।

ছ. **ডেইলি স্টার :** ভূগর্ভস্থ পানির স্তর অনেক নীচে নেমে যাওয়ায় পটুয়াখালী শহরের অধিকাংশ টিউবওয়েলে পানি না ওঠার সংকট তুলে ধরে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনায় নেওয়ার সুপারিশ।

জ. **অবজারভার :** সীমান্তে চোরাচালান বন্ধে বাংলাদেশ, ভারত ও মিয়ানমার সীমান্তে নিরাপত্তাব্যবস্থা জোরদার করার সুপারিশ।

ঝ. **নিউ এজ :** অবৈধ পার্কিংয়ের কারণে রাজধানীর তাঁতিবাজার পার্ক ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ায় সিটি অথরিটিকে রাজধানীর উন্মুক্ত স্থানে গাড়ি ও পিকআপ ভ্যানের সব অবৈধ পার্কিং উচ্ছেদ করে জনগণের জন্য তা ব্যবহার উপযোগী করে তোলার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, প্রকৃত গণতন্ত্রে জনগণের মৌলিক অধিকার সংরক্ষিত থাকে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **‘জীবনের স্বস্তিটুকু কেড়ে নিয়েছে যানজট’** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, যানজট কমানোর জন্য প্রয়োজন প্রশাসনিক বিকেন্দ্রীকরণ এবং দেশের প্রতিটি বিভাগীয় শহরে সমভাবে শিক্ষা, স্বাস্থ্য, শিল্পকারখানা ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা